



## মাস্টার অব ডিজ্যাবিলিটি ম্যানেজমেন্ট এন্ড রিহ্যাবিলিটেশন প্রোগ্রাম Master of Disability Management and Rehabilitation (MDMR)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর ২ বছর মেয়াদী মাস্টার অব ডিজ্যাবিলিটি ম্যানেজমেন্ট এন্ড রিহ্যাবিলিটেশন প্রোগ্রামে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে (২য় ব্যাচ) ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নিম্নের যে কোনো আঞ্চলিক কেন্দ্র (রিজিওনাল সেন্টার) অথবা বাউবি'র ওয়েব সাইট ([www.bou.edu.bd](http://www.bou.edu.bd); অথবা [www.bousst.edu.bd](http://www.bousst.edu.bd)) হতে ভর্তির আবেদন পত্র সংগ্রহ করা যাবে। জনতা ব্যাংক বাংলাদেশ লি: এর অনলাইন শাখায় SND 09030320000519 একাউন্ট নম্বরে ১০০০/- টাকা (এক হাজার) ফি জমাদানপূর্বক পূরণকৃত আবেদন ফরম প্রয়োজনীয় সনদপত্রাদি ও ব্যাংক রশিদ সহ শুধুমাত্র আঞ্চলিক কেন্দ্র, ঢাকাতে আগামী ১৫/১১/২০১৮ থেকে ৩১/১২/২০১৮ তারিখ পর্যন্ত (শনি ও রবিবার এবং বিশ্ববিদ্যালয় ছুটির দিন ব্যতিত) অফিস চলাকালীন সময় পর্যন্ত জমা দেয়া যাবে।

### ভর্তির ন্যূনতম যোগ্যতা

ন্যূনতম ৫০% নম্বর অথবা জিপিএ ২.৫ (৪ স্কেলে) সহ স্বীকৃত কোনো শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ফিজিওথেরাপি/ডিজ্যাবিলিটি ম্যানেজমেন্ট/অকুপেশনাল থেরাপি, স্পিচ এন্ড ল্যাংগুয়েজ থেরাপি, মেডিক্যাল সায়েন্স/বায়োলজিক্যাল সায়েন্স/হেলথ সায়েন্স বিষয়ে স্নাতক এবং জীববিজ্ঞানসহ এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষায় একত্রে ন্যূনতম জিপিএ ৬.৫ থাকতে হবে। জীববিজ্ঞানসহ এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষায় অন্তত: ১টিতে ১ম বিভাগে উত্তীর্ণ হতে হবে অথবা এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষায় ২য় বিভাগ/জিপিএ ২.৫ সহ নার্সিং স্নাতক হতে হবে।

### ভর্তি পরীক্ষা পদ্ধতি, বিষয় ও নম্বর বিভাজন

- (ক) স্নাতক সমমান পরীক্ষার সিলেবাস অনুযায়ী হেলথ সায়েন্স, ডিজ্যাবিলিটি ও ফিজিওথেরাপি ও রিহ্যাবিলিটেশন বিষয়ে ৬০ নম্বর এবং লিখন দক্ষতা (বাংলা ও ইংরেজি) অংশে ২০ নম্বরসহ মোট ৮০ নম্বরের এমসিকিউ (MCQ) ও বর্ণনামূলক পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা প্রকাশ করা হবে।
- (খ) মৌখিক পরীক্ষা: ২০ নম্বরসহ মোট (৮০+২০=১০০) নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- (গ) হেলথ সায়েন্স, বায়োলজি, ডিজ্যাবিলিটি, ফিজিওথেরাপি ও রিহ্যাবিলিটেশন, বাংলা ও ইংরেজি এবং সাধারণ জ্ঞানের উপর মৌখিক পরীক্ষা গৃহীত হবে।

### প্রয়োজনীয় তথ্যাবলী

- আবেদন পত্র জমাদানের সময় এমডিএমআর (MDMR) প্রোগ্রাম হ্যান্ড বুক এবং আবেদনপত্র জমাদানের রশিদ সংগ্রহ করতে হবে।
- ভর্তি সংক্রান্ত সূচি বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড/বাউবি'র ওয়েব সাইট/জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।
- বিস্তারিত তথ্যের জন্য [www.bousst.edu.bd](http://www.bousst.edu.bd) অথবা ৯২৯১১১১ নম্বরে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে।
- ভর্তির ক্ষেত্রে ভর্তি কমিটি'র সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

### গুরুত্বপূর্ণ তথ্যসমূহ

- আবেদনপত্র সংগ্রহ ও জমাদানের তারিখ : ১৫-১১-২০১৮ থেকে ৩১-১২-২০১৮ তারিখ
- মনোনীত প্রার্থীর তালিকা প্রকাশ : ০২-০১-২০১৯
- মনোনীত প্রার্থীদের লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকার : ১১-০১-২০১৯
- ফলাফল প্রকাশ : ১৬-০১-২০১৯
- মনোনীত প্রার্থী ভর্তি : ১৬-০১-২০১৯ থেকে ২৫-০১-২০১৯
- অপেক্ষমান তালিকা থেকে ভর্তি : ২৮-০১-২০১৯ থেকে ৩০-০১-২০১৯ তারিখ
- ওরিয়েন্টেশন ও ক্লাস শুরু : ০১-০২-২০১৯

(অধ্যাপক ডা: সরকার মোঃ নোমান)  
ডীন, স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি, বাউবি  
ও  
সভাপতি, ভর্তি কমিটি।